তারিখ 18 MAY 20 3

যুগান্তর

## প্রশ্নপত্র প্রণয়ন নিয়ে দ্বন্দ্ব

# মির্জাপুরের সব প্রাথমিক বিদ্যালয়ের সাময়িক পরীক্ষা স্থগিত

মির্জাপুর প্রতিনিধি

প্রশ্নপত্র প্রণয়ন নিয়ে শিক্ষা কর্মকর্তা এবং শিক্ষক সমিতির দ্বন্দ্বের কারণে গতকাল শনিবার থেকে অনুষ্ঠিতব্য মির্জাপুর উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের প্রথম সাময়িক পরীক্ষা স্থগিত করা হয়েছে। ফলে এ উপজেলার অর্ধ লক্ষাধিক ছাত্রছাত্রীর শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে।

সূত্র জানায়, সরকারি বিধান অনুযায়ী প্রতি ক্লাস্টারের সহকারী শিক্ষা অফিসারকে সভাপতি করে ওই ক্লাস্টারের সিনিয়র তিনজন প্রধান শিক্ষক এবং তিনজন সহকারী শিক্ষক নিয়ে গঠিত কমিটি প্রাথমিক বিদ্যালয়ের সব পরীক্ষায় প্রশ্নপত্র তৈরি করবে। কিন্তু অন্যান্যবারের মতো উপজেলা শিক্ষক সমিতি প্রশ্নপত্র তৈরি করে শনিবার থেকে সরকারি-বেসরকারি মিলে ১৬১টি প্রাথমিক বিদ্যালয়ে প্রথম সাময়িক পরীক্ষা অনুষ্ঠানের উদ্যোগ নেয়। সরকারি বিধান অমান্য করে শিক্ষক সমিতির এই পরীক্ষা অনুষ্ঠানের উদ্যোগকে বেআইনি অভিহিত করে উপজেলা শিক্ষা কর্মকর্তা এক নোটিশের মাধ্যমে আজ থেকে অনুষ্ঠিতব্য প্রথম সাময়িক পরীক্ষা স্থগিত ঘোষণা করেন।

এদিকে গোলযোগের আশংকায় আজ শনিবার উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে পুলিশ মোতায়েন করা হয়েছে। করণীয় নির্ধারণে বিকাল ৪টায় উপজেলা শিক্ষা কমিটির এক জরুরি সভা আহ্বান করা হয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত নির্বাহী কর্মকর্তা আয়াতউল্লা মজুমদারের সভাপতিত্বে ওই সভা চলছিল বলে সভা সূত্রে জানা গেছে। একটি সূত্র বলেছে, প্রণয়ন নিয়ে নয়, সমিতির নেতৃবৃন্দ এবং শিক্ষা অফিসের কর্মকর্তাদের মধ্যে আসল দ্বন্দ্ব অর্থের। নাম-পরিচয় প্রকাশে অনিচ্ছুক সমিতির একাধিক নেতা জানান, প্রতি পরীক্ষার প্রশ্নপত্র বিক্রি করে সমিতির লাভ হয় কমপক্ষে ৬০ হাজার টাকা। অন্যান্য বছর এ টাকা থেকে অফিসের কর্মকর্তাদের ৫/৬ হাজার করে দেয়া হয়ে থাকে। কিন্তু এ বছর শিক্ষা অফিসের কর্মকর্তারা লভ্যাংশের অর্ধেক দাবি করে বসেন। কিন্তু নেতৃবৃন্দ তা দিতে নারাজ।